



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
অডিট শাখা-০২
www.tmed.gov.bd

স্মারক নং -৫৭.০০.০০০০.১৪২.১৬.০৩৬.২২-১৮৮

তারিখঃ ৩০ ভাদ্র, ১৪২৯
১৪ সেপ্টেম্বর, ২০২২

বিষয়ঃ পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।

সূত্রঃ কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.০৩.০০০০.০৩৫.০১.০১২.২২-৪৬; তারিখঃ ১৭ আগস্ট, ২০২২ খ্রি.;

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রসমূহের প্রেক্ষিতে পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা কর্তৃক নিয়োজিত ছকে উল্লেখিত তারিখে বর্ণিত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের পরিদর্শন ও নিরীক্ষা করা হয়। পরবর্তীতে পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক পরিদর্শন ও নিরীক্ষা কার্যক্রম শেষে দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে অডিট আপত্তির ব্রডশীট নির্ধারিত ছক মোতাবেক পূরণপূর্বক উক্ত কলেজের অধ্যক্ষ কর্তৃক কারিগরি শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে মর্মে সূত্রবর্ণিত স্মারকের মাধ্যমে এ বিভাগকে (টিএমইডি) জানানো হয়। কিন্তু বিবেচ্যপত্র পর্যালোচনায় দেখা যায় যে, বিবেচ্যপত্রের সঙ্গে পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের পরিদর্শন প্রতিবেদন (রিপোর্ট) প্রেরণ করা হয়নি।

ক্রমিক নং	শিক্ষা প্রতিষ্ঠানের (মাদ্রাসা) নাম ও ঠিকানা	ডিআইএ কর্তৃক পরিদর্শনের তারিখ
০১.	পঞ্চগড় টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, পঞ্চগড় সদর, পঞ্চগড়।	১৫.০৬.২০১৯

০২. বর্ণিতাবস্থায়, পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনে উপরিউক্ত কলেজের উত্থাপিত আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের পরিদর্শন প্রতিবেদন (রিপোর্ট) আগামী ৩০.০৯.২০২২ তারিখের মধ্যে টিএমইডিতে আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৪/৯/২০২২

(কাজী আলী রেজা)

সহকারী সচিব (অডিট)

ফোন: ০২-৪১০৫২২৩৬

ই-মেইল: tmedaudit21@gmail.com

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও
ঢাকা-১২০৭।

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

০১. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৩. অতিরিক্ত সচিব (অডিট ও আইন) -এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৪. উপসচিব (অডিট) -এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৬. অধ্যক্ষ, পঞ্চগড় টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, পঞ্চগড় সদর, পঞ্চগড়।
০৭. অফিস কপি।